নতুন ইতিহাস গড়তে চায় টাইগাররা

পাকিস্তানের বিপক্ষে জয় পেলে নতুন ইতিহাস গড়বে বাংলাদেশ। শুক্রবার লর্ডসে পাকিস্তানের বিপক্ষে লিগপর্বের শেষ ম্যাচটা নিয়মরক্ষার হলেও এই ম্যাচ থেকেও কিছু পাওয়ার আছে বাংলাদেশের।

বিশ্বকাপে এক আসরে সবচেয়ে বেশি তিনটি করে জয়ের রেকর্ড আছে বাংলাদেশের। এবার এরই মধ্যে ধরা দিয়েছে তিনটি জয়। শুক্রবার পাকিস্তানকে হারাতে পারলে বিশ্বকাপের এক আসরে নিজেদের সর্বোচ্চ চারটি ম্যাচ জয়ের নতুন রেকর্ড গড়বে টাইগাররা।

শুধু তাই নয়! বাংলাদেশ যদি পাকিস্তানের বিপক্ষে আজ জয় পায় অন্যদিকে শনিবার শ্রীলংকা যদি ভারতের বিপক্ষে হেরে যায় তাহলে পয়েন্ট টেবিলে পাঁচে থাকা নিশ্চিত হয়ে যাবে মাশরাফিদের।

সেমিফাইনালে খেলার স্বপ্ন পূরণ না হলেও ইংল্যান্ডের বৈরী কন্ডিশনে বিশ্বকাপের পঞ্চম সেরা দল হতে পারলে সেটাও হবে বাংলাদেশের জন্য বড় অর্জন। সবচেয়ে বড় কথা, পাকিস্তানকে হারাতে পারলে ক্রিকেটের সবচেয়ে অভিজাত মঞ্চ থেকে মাথা উঁচু করে বিদায় নিতে পারবে বাংলাদেশ।